

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
সরকারি আবাসন পরিদপ্তর  
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।  
[www.doga.gov.bd](http://www.doga.gov.bd)

নং: ২৫.৪৩.০০০০.০০৭.০৬.০৬০.১৫

তারিখ: ২৭ চৈত্র ১৪২৩  
১৯ এপ্রিল ২০১৭

বিষয়: জাতীয় শুদ্ধাচার কৌশল বাস্তবায়নের লক্ষ্যে গঠিত নৈতিকতা কমিটির সভার কার্যবিবরণী

সময়: ১২.০০ ঘটিকা

তারিখ: ১৯-০৪-২০১৭ ইং

স্থান: পরিচালকের দপ্তর

উপস্থিতির বিবরণ: সংযুক্ত তালিকা

সভাপতি সকলকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। তিনি অত্র পরিদপ্তরের বিভিন্ন শাখা কর্মকর্তাদের দৃষ্টি আকর্ষণ করে এর কার্যক্রমকে গতিশীল ও সেবামুখী করা সহ সকলের সহযোগিতা কামনা করেন এবং সেবাসমূহ সহজীকরণের বিষয়ে নতুন কোন প্রস্তাব থাকলে তা পেশ করার আহ্বান জানান।

এর প্রেক্ষিতে অত্র পরিদপ্তরের অফিস ব্যবস্থাপনা ও সেবাপ্রদান বিষয়ে আলোচনা হয়। আলোচনাক্রমে নিম্নবর্ণিত সিদ্ধান্তসমূহ গৃহীত হয়।

ক্রম	বিষয়	সিদ্ধান্ত	বাস্তবায়নকারী শাখা
১।	চিঠিপত্রে বাংলা সন, তারিখ, ওয়েবসাইট ঠিকানা, এবং ডিজিটাল নম্বর প্রদান সংক্রান্ত	সরকারি আবাসন পরিদপ্তরের বিভিন্ন শাখা হতে জারিকৃত চিঠিপত্রে বাংলা সন, তারিখ, ওয়েবসাইট ঠিকানা, এবং নথির ডিজিটাল নম্বর উল্লেখ থাকেনা। চিঠিপত্র স্বাক্ষর করার সময় এ বিষয়গুলি লক্ষ রেখে স্বাক্ষর করতে হবে।	সহকারী পরিচালক (সকল বরাদ্দ শাখা) সকল ধরনের চিঠিতে উল্লেখিত বিষয়গুলি নিশ্চিত করতে হবে।
২।	অডিট আপত্তি বিষয়ে	সরকারি আবাসন পরিদপ্তরের পুঞ্জিভূত অডিট আপত্তি নিষ্পত্তির লক্ষ্যে বিভিন্ন শাখা সমূহ হতে জবাব নিশ্চিত করণ পূর্বক দ্বিপক্ষীয় এবং ত্রিপক্ষীয় সভার আয়োজনের সকল ধরনের ব্যবস্থা গ্রহণ করতে হবে।	সহকারী পরিচালক (অডিট) এবং সকল বরাদ্দ শাখা এ বিষয়ে যথাযথ কার্যকর পদক্ষেপ গ্রহণ করবেন।
৩।	ইফাইলিং বিষয়ে প্রশিক্ষণ প্রদান সংক্রান্ত	সরকারি আবাসন পরিদপ্তরের বিভিন্ন শাখার কর্মকর্তাদের ইফাইলিং বিষয়ে প্রশিক্ষণ প্রদানের ব্যবস্থা গ্রহণ করতে হবে।	সহঃ পরিচালক (প্রশাসন) প্রশিক্ষণ আয়োজনের লক্ষ্যে সকল ধরনের ব্যবস্থা গ্রহণ করবেন।
৪।	রেন্ট কার্ড হালনাগাদ করণের লক্ষ্যে সংশ্লিষ্ট এজি অফিসের সাথে পত্র প্রদান সংক্রান্ত	প্রতি মাসে বিভিন্ন এজি অফিস হতে সরকারি আবাসন পরিদপ্তরে প্রেরিত রেন্ট সংক্রান্ত স্টেইটমেন্টে অনেক ক্ষেত্রে বাসার নম্বর উল্লেখ না করে শুধুমাত্র বরাদ্দ প্রাপকের নাম এবং পদবী উল্লেখ করা হয়। বাসার নম্বর উল্লেখ না করায় এক্ষেত্রে কোন বাসার অনুকূলে স্টেইটমেন্ট প্রেরণ করা হলে তা না থাকায় রেন্ট কার্ড	অতিঃপরিচালকের তত্ত্বাবধানে সংশ্লিষ্ট সহঃ পরিচালক এবং হিসাব রক্ষক (ভাড়া শাখা - ১, ২ এবং পরিত্যক্ত ভাড়া আদায় শাখা)। যেসব এজি অফিস হতে প্রেরিত ভাড়া

		উত্তোলন করা <del>করা</del> এবং হালনাগাদ কার্যক্রমের ধারাবাহিকতা বজায় রাখা সম্ভব হয় না।	সংক্রান্ত স্টেইটমেন্টে বাসার নম্বর উল্লেখ করা হয় না তাদের কে এ বিষয়টি উল্লেখ পূর্বক পত্র প্রেরণের ব্যবস্থা গ্রহণ করবেন।
--	--	--	---

পরিশেষে অত্র পরিদপ্তরের বিভিন্ন সেবারমান বৃদ্ধির জন্যে সেবামূলক মানসিকতা নিয়ে সেবা প্রত্যাশীদের সহযোগিতা করার জন্য আহ্বান জানানোর মাধ্যমে সভা পরিসমাপ্তি করা হয়।

স্বাঃ  
 পরিচালক (যুগ্ম সচিব)  
 ও  
 সভাপতি  
 নৈতিকতা কমিটি

সদয় অবগতি ও কার্যার্থে।


- ১। যুগ্ম সচিব( উন্নয়ন অধিশাখা-৭) গৃহায়ন ও গনপূর্ত মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়।
- ২। অতিরিক্ত পরিচালক, সরকারি আবাসন পরিদপ্তর, বাংলাদেশ সচিবালয়।
- ৩। উপ-পরিচালক, সরকারি আবাসন পরিদপ্তর,সিজিএ ভবন -২ আগ্রাবাদ, চট্টগ্রাম
- ৪। উপ-পরিচালক ( ), সরকারি আবাসন পরিদপ্তর, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

৫। জনাব \_\_\_\_\_, সহকারী পরিচালক, সরকারি আবাসন পরিদপ্তর, বাংলাদেশ সচিবালয়।

৬। পরিচালক মহোদয়ের ব্যক্তিগত সহকারী, সরকারি আবাসন পরিদপ্তর, বাংলাদেশ সচিবালয়, (পরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য।)

৭। অফিস কপি



  
 মাসুদুল আলম  
 সহকারী পরিচালক  
 ও  
 সদস্য সচিব  
 নৈতিকতা কমিটি